

বিশ্বায়ন ও নির্বাচিত বাংলা ছোটোগল্প (১৯৯২-২০১২)

সারসংক্ষেপ

‘বিশ্বায়ন ও নির্বাচিত বাংলা ছোটোগল্প (১৯৯২-২০১২)’ শিরোনামের এই গবেষণা অভিসন্দর্ভ ভারতীয় তথা বৈশ্বিক প্রেক্ষিতে একটি নির্দিষ্ট সময়ে সংঘটিত প্রধানত একটি অর্থনৈতিক পরিবর্তনের প্রভাব বাংলা ছোটোগল্পে কীভাবে এসে পড়েছিল, তা অনুসন্ধান করতে চেয়েছে।

এই গবেষণা অভিসন্দর্ভে ১৯৯২-২০১২ সময়পর্বে বাংলা ছোটোগল্পে বিশ্বায়ন নামক প্রক্রিয়াটি কী কী প্রভাব ফেলেছিল এবং ছোটোগল্পের মাধ্যমে লেখকরা সেই পরিবর্তনগুলিকে কীভাবে তুলে ধরেছিলেন তা অনুসন্ধান করার চেষ্টা করা হয়েছে। বিশ্বায়নের তাত্ত্বিক বিশ্লেষণের পাশাপাশি বিশ্বায়নের প্রেক্ষাপটে লেখা বাংলা ছোটোগল্পের পর্যালোচনা ও বিশ্লেষণই এই গবেষণার অন্যতম লক্ষ্য। উল্লিখিত সময়পর্বের একত্রিশ জন ছোটোগল্পকারের নির্বাচিত ছোটোগল্পসমূহের বিশ্লেষণের মাধ্যমে এই গবেষণা সম্পন্ন করা হয়েছে। এজন্য সমগ্র গবেষণা অভিসন্দর্ভটিকে কয়েকটি ভাগে বিভক্ত করা হয়েছে। **ভূমিকা ও উপসংহার**-এর মধ্যবর্তী সাতটি অধ্যায়ে অভিসন্দর্ভটি বিন্যস্ত হয়েছে। উপসংহারের পরে যুক্ত করা হয়েছে **পরিশিষ্ট, গ্রন্থ ও পত্র-পত্রিকা** এবং **বৈদ্যুতিন তথ্যপঞ্জি**।

প্রথম অধ্যায়: বিশ্বায়ন: প্রেক্ষিত, পটভূমি—এই অধ্যায়ে বিশ্বায়ন ব্যাপারটি কী সেই সম্পর্কে আলোচনার পাশাপাশি বিশ্বায়নের প্রেক্ষিত ও পটভূমি সম্পর্কে বিশ্লেষণ করার চেষ্টা করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়: বিশ্বায়ন ও পুঁজি প্রসারের বৈচিত্র্য (নির্বাচিত)—এই অধ্যায়ে তুলে ধরতে চাওয়া হয়েছে বিশ্বায়নের ফলে ভারতে প্রসারিত পুঁজির কোন কোন ক্ষেত্রে বিস্তার ঘটেছিল, সেই দিকগুলি।

তৃতীয় অধ্যায়: বিশ্বায়ন, প্রযুক্তি ও বাংলা ছোটোগল্প—এই অধ্যায়ে নির্বাচিত ছোটোগল্পসমূহের বিশ্লেষণের মাধ্যমে বিশ্বায়ন-পরবর্তী সময়ে মানবজীবনে প্রযুক্তির প্রভাবকে বাংলা ছোটোগল্পের নিরিখে বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়েছে।

চতুর্থ অধ্যায়: বিশ্বায়ন, চিকিৎসা-পরিষেবাক্ষেত্র ও বাংলা ছোটোগল্প—এই অধ্যায়ে বিশ্বায়ন-পরবর্তী সময়ের বাংলা ছোটোগল্পে চিকিৎসা-পরিষেবাক্ষেত্র সংক্রান্ত বিষয় কীভাবে তাৎপর্যসহ উঠে এসেছে সেই দিকগুলি বিশ্লেষণ করার চেষ্টা করা হয়েছে।

পঞ্চম অধ্যায়: বিশ্বায়ন, পরিযাণ এবং বাংলা ছোটোগল্প—এই অধ্যায়ে বিশ্বায়ন-পরবর্তী সময়ে বৃদ্ধি লাভ করা পরিযাণ বাংলা ছোটোগল্পে কীভাবে উঠে এসেছে, তা নির্বাচিত গল্পকারদের বেছে নেওয়া ছোটোগল্পের নিরিখে পর্যালোচনার চেষ্টা করা হয়েছে।

ষষ্ঠ অধ্যায়: বিশ্বায়ন, পরিবার ও ব্যক্তি সম্পর্কের বদল এবং বাংলা ছোটোগল্প—এই অধ্যায়ে নির্বাচিত ছোটোগল্প বিশ্লেষণের মাধ্যমে দেখানো হয়েছে বিশ্বায়ন কীভাবে ব্যক্তি কিংবা পরিবার সম্পর্কের বদল ঘটিয়েছে।

সপ্তম অধ্যায়: বিশ্বায়ন, বিবিধ—এই অধ্যায়ে বিশ্বায়নের বিবিধ প্রভাব একাধিক লেখকের ছোটোগল্প বিশ্লেষণের মাধ্যমে তুলে ধরার চেষ্টা করা হয়েছে।